## উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির জানুয়ারী/২০২৫ খ্রিঃ মাসের সভার কার্য বিবরণী ঃ

সভাপতি ঃ উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

তারিখ ঃ ০৭/০১/২০২৫ খ্রিঃ ।
সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকায়।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

**(সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার আলোচ্য সূচী অনুযায়ী বিষয়াদি উপস্থাপনের জন্য উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য-কে অনুরোধ জানালে তিনি কাহারোল উপজেলার ০৬ টি ইউনিয়নের স্যানিটেশনের বর্তমান কাভারেজ পড়ে শোনান এবং সকল ইউনিয়নের চেয়ারম্যানগণকে শতভাগ স্যানিটেশন অর্জনের জন্য স্যানিটেশন খাতে প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

সভায় সরকারী ভাবে এবং বিভিন্ন এনজিও মাধ্যমে ইতিমধ্যে যে সকল হতদরিদ্র পরিবারের মাঝে স্যানিটারি ল্যাট্রিন সরবরাহ করা হয়েছে তাদের তালিকা অত্র দপ্তরে জমা দিতে বলা হয়।

এছাড়া উপজেলা বার্ষিক উন্নয়ন তহবিল হতে স্যানিটেশন খাতের ১৫% হতে হতদরিদ্র পরিবারের মাঝে স্যানিটারি ল্যাট্রিন সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়।

সভায় জানানো হয় যে, ১নং ডাবোর ইউপি, ২নং রসুলপুর ইউপি, ৩নং মুকুন্দপুর ইউপি, ৪নং তারগাঁও ও ৬নং রামচন্দ্রপুর ইউপি সমূহের কোন কোন এলাকায় পানি স্তর নিচে নেমে যাচ্ছে সেসব এলাকায় তারা নলকূপ ও সাবামারসিবল পাম্প স্থাপনের জন্য চাহিদা প্রেরন করা হয়েছে।

এছাড়া বিভিন্ন প্রকল্প হতে স্থাপিত নলকূপ সমূহের গভীরতা ও প্রযুক্তি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হওয়া প্রয়োজন এবং নলকূপ সমূহ স্থাপনের পর পানি পরীক্ষা করা আবশ্যক। এতে করে নলকূপ সমূহ হতে সারা বছর নিরাপদ পানি পাওয়া যাবে।

সভায় আরও জানানো হয় যে, বিভিন্ন সংস্থা যত্রতত্র অপরিকল্পিত ভাবে গভীর নলকূপ স্থাপন করায় পানি স্তর নিচে নেমে যাচেছ এতে অগভীর নলকূপে পানি উঠছেনা। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।

চলমান পাতা-০২

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(১) সকল ইউনিয়নে স্যানিটেশন কভারেজ ১০০% করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) সভায় স্যানিটেশন খাতে প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

(৩) ইতোমধ্যে যে সকল হতদরিদ্র পরিবারের মধ্যে ল্যাট্রিন বিতরণ করা হয়েছে এবং যে সকল সচ্ছল পরিবার ল্যাট্রিন স্থাপন ও ব্যবহার করছেন না তাদেরকে তাগিদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) স্থাপিত নলকূপ সমূহ সচল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) বাংলাদেশ গ্রাউন্ড ওয়াটার অর্ডিন্যান্স অনুযায়ী গভীর নলকূপ স্থাপনের জন্য উপজেলা সেচ কমিটির সাথে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৬) উপজেলা পরিষদের বাজেটে স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহ খাতের অর্থ দ্বারা প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৭) বিভিন্ন প্রকল্প ও এনজিও হতে স্থাপিত নলকূপ সমূহের গভীরতা ও প্রযুক্তি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হওয়া এবং নলকূপ সমূহ স্থাপনের পর পানি পরীক্ষা করে প্রত্যয়ন নেওয়ার জন্য অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায়  সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৭/০২/২০২৫

**(মোঃ আমিনুল ইসলাম)**
**উপজেলা নির্বাহী অফিসার**
কাহারোল, দিনাজপুর।
ও
সভাপতি
উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি।

# জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সভা, জানুয়ারি/২০২৫

সভাপতি ঃ মোঃ আমিনুল ইসলাম,উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ঃ ০৭/০১/২০২৫ খ্রিঃ
সভার সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকায়

**<u>সভার উপস্থিত সদস্য গণের স্বাক্ষর</u>**

| ক্রঃ নং | সদস্যদের নাম ও দপ্তর | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর | সভাপতি | |
| ২ | উপজেলা প্রকৌশলী, কাহারোল, দিনাজপুর | সদস্য | |
| ৩ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, কাহারোল | সদস্য | |
| ৪ | চেয়ারম্যান ৩নং মুকুন্দপুর ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর | সদস্য | |
| ৫ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর | সদস্য সচিব | |